

৬.৪. কাজের জন্য দরখাস্ত :

জবকার্ড প্রাপ্ত ব্যক্তি কাজ পাওয়ার জন্য নির্ধারিত ফর্মে (৪ক) গ্রাম পঞ্চায়েতের কাছে দরখাস্ত করবেন। এই ৪ক ফর্ম গ্রাম পঞ্চায়েত থেকে বিনামূল্যে পাওয়া যাবে। ৪ক ফর্ম ছাড়াও আবেদনকারী সাদা কাগজে সমস্ত বিবরণ দিয়ে কাজ পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। যদি কেউ মৌখিক আবেদন করেন তাহলে গ্রাম পঞ্চায়েত সেই মৌখিক আবেদনের লিখিত রূপ দেবে।

দরখাস্তে জবকার্ড নম্বর ও কোন্ তারিখ থেকে কতদিনের জন্য কাজ চাইছেন তা উল্লেখ করতে হবে। বছরের বিভিন্ন সময়ে বিভিন্ন পর্যায়ে তিনি কোন্ তারিখ থেকে কোন্ তারিখ পর্যন্ত কাজ চাইছেন তাও ঐ একই দরখাস্তে উল্লেখ করা যেতে পারে এছাড়া একাধিক আবেদনকারী একসাথে যৌথ দরখাস্তও করতে পারেন। গ্রাম পঞ্চায়েত কাজের আবেদনপত্রগুলি আগাম সংগ্রহের ব্যবস্থা করবেন। এর জন্য গ্রাম উন্নয়ন সমিতি বা স্বনির্ভর দলের সাহায্য চাওয়া যেতে পারে। কাজের দরখাস্ত জমা দেওয়ার পর আবেদনকারীকে অবশ্যই তারিখ সহ আবেদন প্রাপ্তির রসিদ দিতে হবে।

৪ক ফর্মে আবেদন করলে আবেদনকারীকে ৪ক ফর্মের নীচের অংশ আবেদন প্রাপ্তির রসিদ হিসেবে তারিখ সহ দিতে হবে। আবেদনকারী যদি সাদা কাগজে আবেদন করেন বা মৌখিক ভাবে আবেদন করেন তাহলে তাকেও আবেদন প্রাপ্তির রসিদ, তারিখ, ভারপ্রাপ্ত আধিকারিকের সাক্ষর ও গ্রাম পঞ্চায়েতের সীল সহ দিতে হবে।